অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন ইন্টারস্টেট বন্দুক টাস্ক ফোর্সের কারণে জানুয়ারি থেকে 6,000-র বেশি অবৈধ বন্দুক জব্দ করা হয়েছে

স্থানীয়, স্টেট এবং ফেডারেল এজেন্সিগুলির মধ্যকার ইন্ট্রাস্টেট এবং ইন্টারস্টেট সহযোগিতা ফল দিচ্ছে

2022 সালের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে মোট জব্দের সংখ্যা গত বছরের প্রথম সাত মাসের তুলনায় 20 শতাংশ বৃদ্ধি পেয়েছে

স্টেট অর্থায়িত বন্দুক সম্পর্কিত সহিংসতা নির্মূল উদ্যোগে অংশগ্রহণকারী সম্প্রদায়গুলিতে বন্দুকের গুলিতে আহত ব্যক্তির সংখ্যা 12 শতাংশ কমেছে এবং নিউ ইয়র্ক সিটিতে 11 শতাংশ কমেছে

নিউ ইয়র্ক স্টেটের পুলিশ দ্বারা বন্দুক জব্দ করা 2021 সালের আগস্ট থেকে 2022 সালের জুলাই পর্যন্ত, 2020 সালের আগস্ট থেকে 2021সালের জুলাইয়ের তুলনায় 140 শতাংশ বৃদ্ধি পেয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পুলিশ এজেন্সিসমূহ নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়সমূহ থেকে বছরের প্রথম সাত মাসে 6,007টি অবৈধ বন্দুক জব্দ করেছে, যা 2021 সালের একই সময়কালের তুলনায় 20 শতাংশ বেশি। নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস এবং অ্যালকোহল, তামাক, আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক ব্যুরোর পরিচালক স্টিভেন ডেটেলবাকের সাথে যুক্ত হয়ে, অবৈধ বন্দুকের ইন্টারস্টেট টাস্ক ফোর্সের সাথে একটি বৈঠকের পূর্বে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে অবৈধ বন্দুকের প্রবাহ বন্ধ করতে, বন্দুক সহিংসতা হ্রাস করতে এবং জীবন রক্ষা করতে তার প্রশাসনের সার্বিক প্রচেষ্টার ব্যাপারে জানান। ATF পরিচালক ডেটেলবাক টাস্কফোর্সটির প্রশংসা করে এটিকে দেশের অন্যান্য অঞ্চলগুলির জন্য একটি অনুসরণীয় আদর্শ বলেন।

"আমার প্রশাসন স্টেটজুড়ে সম্প্রদায়গুলিতে বন্দুক সহিংসতার বিপর্যয় ঠেকাতে নিবিড় মনোযোগী, এবং আমরা এই সঙ্কটকে সামনে থেকে মোকাবেলা করার জন্য সাহসী পদক্ষেপ গ্রহণ করছি," **গভর্নর হোকল বলেন।** "এই রেকর্ড সংখ্যক বন্দুক জব্দ করার ঘটনা হলো স্থানীয় ও ফেডারেল পর্যায়ে নিবেদিত আইন শৃঙ্খলারক্ষাকারী পেশাদারদের মধ্যে নজিরবিহীন, দেশের

শীর্ষস্থানীয় সমন্বিত সাড়াদানের ফল। আমি অপরাধ সমাধানের কাজ না করে অপরাধ প্রতিরোধের কাজ করতে চাই, এবং এধরনের প্রথম ইন্টারস্টেট বন্দুক টাস্ক ফোর্সের কল্যাণে আমরা ঠিক তাই করছি।"

গভর্নর হোকল এছাড়াও ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ 2021 সালের আগস্ট থেকে 2022 সালের জুলাই পর্যন্ত 1,468টি বন্দুক জব্দ করেছে: যা এই এজেন্সির ইতিহাসে সর্বোচ্চ সংখ্যক। এটি 2020 সালের আগস্ট থেকে 2021 সালের জুলাইয়ের তুলনায় 140 শতাংশ বেশি, যেই সময় স্টেট পুলিশ 612টি বন্দুক জব্দ করেছে।

অ্যালকোহল, তামাক, আগ্নেয়াস্ত্র এবং বিস্ফোরক ব্যুরোর পরিচালক স্টিভেন ডেটেলবাক বলেন, "পরিবর্তন আনার জন্য এই টাস্কফোর্সটিরই প্রয়োজন ছিলো, এবং ATF আমাদের অপ্রাধন বন্দুক বুদ্ধিমত্তা কেন্দ্রগুলির মাধ্যমে, আমাদের ইট্রেস অপরাধ বন্দুক ট্রেসিং ব্যবস্থার মাধ্যমে, এবং NIBIN দ্বারা আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদেরকে কর্মক্ষম বুদ্ধিমত্তা এবং সূত্র প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ যাতে তারা আমাদের সম্প্রদায়সমূহকে ভীত করে রাখা বন্দুক চালকদের এবং তাদেরকে অবৈধভাবে বন্দুক সরবরাহকরা মানুষদেরকে সনাক্ত করতে পারে।"

অবৈধ বন্দুকের ইন্টারস্টেট টাস্ক ফোর্সটি এই বছরে গঠিত হওয়ার পর থেকে কাইনেটিকাট, মেইন, ম্যাসাচুসেটস, নিউ হ্যাম্পশায়ার, নিউ জার্সি, ওহায়ো, পেনসিলভ্যানিয়া, রোড আইল্যান্ড এবং ভার্মন্টের স্থানীয়, স্টেট এবং ফেডারেল আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের মধ্যে উল্লেখযোগ্য সহযোগিতা ও সমন্বয়ের বিকাশ করেছে। টাস্ক ফোর্সের সদস্যরা আজকে সকালে চতুর্থবারের মতো একত্রিত হয়ে ডেটা, বুদ্ধিমত্তা, কৌশল এবং অন্যান্য কার্যপদ্ধতি নিয়ে আলোচনা করে যা 2020 সালের শুরু থেকে নিউ ইয়র্ক ও দেশে বেড়ে যাওয়া বন্দুক সহিংসতা সমাধানে তাদের চলমান প্রচেষ্টার জন্য অতি গুরুত্বপূর্ণ। আগামী বৈঠকটি হবে নিউ জার্সিতে, আগামী মাসে।

এই কাজটি, বন্দুক সহিংসতার বেশি হার থাকা সম্প্রদায়ে রেকর্ড পরিমাণ বিনিয়োগের সাথে এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী ও স্টেট পুলিশের মধ্যকার উন্নত তথ্য বণ্টনের সাথে যুক্ত হয়ে ফলাফল প্রদান করেছে। নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সম্পর্কিত সহিংসতা নির্মূল উদ্যোগে অংশগ্রহণকারী 20টি পুলিশ ডিপার্টমেন্ট এছাড়াও 2021 সালের তুলনায় 2022 সালের প্রথম সাত মাসে গুলির ঘটনায় 12 শতাংশ হ্রাস রিপোর্ট করেছে। সেই পুলিশ ডিপার্টমেন্টগুলির রিপোর্ট করা হত্যার ঘটনা পর পর তিন মাস হ্রাস পেয়েছে।নিউ ইয়র্ক সিটিতে, মধ্যে আগস্ট পর্যন্ত গুলির শিকার ব্যক্তির সংখ্যা 11.8 শতাংশ কমেছে এবং রিপোর্ট করা হত্যার সংখ্যা 11 শতাংশ কমেছে।

স্টেট পুলিশ 2022 সালের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত 813টি বন্দুক জব্দ করেছে, যা গত বছর একই সময়কালে জব্দ করা বন্দুকের দ্বিগুণ (406)। এই মোটের মধ্যে রয়েছে 30টি অবৈধ অ্যাসল্ট রাইফেল এবং গোস্ট গান যা স্টেটের পুলিশ বন্দুক পাচার ইন্টারডিকশন ইউনিট (State Police Gun Trafficking Interdiction Unit) কয়েক মাসের তদন্তের পর একটি বহু কাউন্টির পাচার চক্র থেকে জব্দ করেছে। এছাড়াও ইউনিটটি 2022 সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত

482টি বন্দুক ট্রেসিং তদন্ত করেছে, যা 91টি এমন সূত্র প্রদান করেছে যা 25টি স্টেটের কর্তৃপক্ষকে সড়ক ও সম্প্রদায় থেকে 149টি অবৈধ বন্দুক অপসারণ করতে দিয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি ব্রুয়েন বলেন, "স্টেট পুলিশ এবং আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের কর্তৃক জব্দ করা বন্দুকের বর্ধিত সংখ্যা প্রদর্শন করে যে আমরা নিউ ইয়র্ক স্টেটে অবৈধ বন্দুক অনুপ্রবেশের সাথে লড়াইয়ে কী অগ্রগতি করেছি। আমাদের সদস্যরা প্রমাণ করেছে যে অবৈধ বন্দুক জব্দ করা ছোট ব্যাপার নয়।এই প্রচেষ্টাগুলি আমাদের সম্প্রদায়সমূহকে রক্ষা করার একটি অবিচ্ছেদ্য অংশ এবং অবৈধ বন্দুক আমদানি ও সাথে রাখা সহ্য করা হবে না।"

স্টেটের অর্থবছর 23 বাজেটে সম্প্রদায়ভিত্তিক সংগঠনের অন্তর্ভুক্তিতে আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সির বাস্তবায়িত উদ্ভাবনী কর্মসূচি ও অংশীদারিত্বের জন্য 227 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে।

- SNUG ও জনস্বাস্থ্য পন্থা ব্যবহার করে এমন সম্প্রদায়ভিত্তিক বন্দুক সহিংসতা উদ্যোগসমূহের জন্য বন্দুক সহিংসতা সমাধানে 24.9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে যারা : উৎস সনাক্ত করবে, বিস্তার বন্ধ করবে এবং সার্বিক সেবা প্রদান করার মাধ্যমে প্রভাবিতদের চিকিৎসা করবে এবং বন্দুক সহিংসতার মধ্যে দীর্ঘদিন থাকার ফলে সৃষ্ট ট্রমা সমাধানে সমর্থন করবে। এছাড়াও বিনিয়োগটি এমন প্রোগ্রামিংকে সাহায্য করবে যা অন্যান্য উদ্যোগের মধ্যে দুঃস্থ তরুণদের মৌলিক চাহিদা মেটাবে; এবং দক্ষতাভিত্তিক চাকরির প্রস্তুতি প্রদান করবে এবং কাজে নিয়োগের প্রশিক্ষণ প্রদান করবে।
- GIVE উদ্যোগে অংশগ্রহণ করে এমন আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিদের জন্য 18.2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে, যারা গুলির ঘটনা হ্রাস করতে এবং জীবন রক্ষা করতে বন্দুক সহিংসতা দ্বারা সবথেকে বেশি আক্রান্ত 17টি কাউন্টির 20টি সম্প্রদায়ে প্রমাণভিত্তিক কৌশল ব্যবহার করে।
- নিউ ইয়র্কের 10টি অপ্রাধন বিশ্লেষণ কেন্দ্রের নেটওয়ার্কের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার, যারা অপরাধ বুদ্ধিমত্তা সংগ্রহ, যার মধ্যে রয়েছে অপরাধ বন্দুক ডেটা, ও এগুলি 350টি স্টেট ওসি স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সির মধ্যে বণ্টন করে, এটি আগ্নেয়াস্ত্র সম্পর্কিত সহিংস অপরাধসহ সকল অপরাধ এড়ানো, তদন্ত ও সমাধান করার অতি গুরুত্বপূর্ণ সংস্থান প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন